

সেবার তালিকা:

যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ।

সেবাসমূহ

০১। ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ

ক) প্রাতিষ্ঠানিক অনাবাসিক প্রশিক্ষণ কোর্সসমূহ :

ক্র:নং	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি (সর্বমোট)
১)	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন	৬ মাস	নূন্যতম এইচ এস সি	১০০০/-
২)	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন	৬ মাস	নূন্যতম এইচ এস সি	৫০০/-
৩)	প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন	৬ মাস	নূন্যতম এইচ এস সি	১০০০/-
৪)	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং	৬ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৩০০/-
৫)	রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং	৬ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৩০০/-
৬)	ইলেকট্রনিক্স	৬ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৩০০/-
৭)	ফ্রি ল্যান্সিং/ আউট সোর্সিং	১ মাস	নূন্যতম এইচ এস সি	৫০০/-
৮)	পোষাক তৈরী	৩ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৫০/-
৯)	মৎস্য চাষ	১ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৫০/-
১০)	ব্লক, বাটিক ও স্ক্রিন প্রিন্টিং	৪ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	৫০/-

খ) প্রাতিষ্ঠানিক আবাসিক প্রশিক্ষণ কোর্সসমূহ :

১১)	গবাদীপশু, হাঁস-মুরগী পালন, মৎস্যচাষ ও কৃষি বিষয়ক	৩ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	২০০/- জামানতসহ
১২)	প্রাণিসম্পদ/ মৎস্যচাষ/ কৃষি বিষয়ক সংক্ষিপ্ত কোর্স	১ মাস	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	২০০/- জামানতসহ

গ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সসমূহ :

ক্র:নং	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	সেবা/যোগাযোগের স্থান
১)	উপজেলা পর্যায়ে স্থানীয় চাহিদার ভিত্তিতে ৪২টি ট্রেডের মধ্যে নির্ধারিত কোর্সসমূহ	৭/১৪/২১	নূন্যতম ৫ম শ্রেণি পাশ	প্রশিক্ষনেচ্ছু যুবদের নিজ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

০২। প্রশিক্ষিত যুবদের প্রকল্প গ্রহণের ভিত্তিতে যুবঋণ প্রদান :

ক্র:নং	যুবঋণের ধরণ	ঋণ প্রদানের পরিমাণ	সার্ভিস চার্জ	কিস্তি পরিশোধের মেয়াদ	সেবা/যোগাযোগের স্থান
ক)	আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি (ব্যক্তি কেন্দ্রিক ঋণ)	প্রশিক্ষণের ধরণ ও দফা অনুযায়ী ৪০,০০০/- থেকে ১,০০,০০০/- টাকা প্রদান করা হয়।	৫% (ক্রম হ্রাসমান হারে)	২-৩ বছর	প্রকল্পধারী যুবদের নিজ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করতে হবে।
খ)	যুব উদ্যোক্তা ঋণ	উদ্যোক্তা প্রতি ২,০০,০০০/- টাকা	৫% (ক্রম হ্রাসমান হারে)	৩-৪ বছর	
গ)	পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি (গ্রুপভিত্তিক ঋণ)	সদস্য প্রতি দফা ওয়ারী ১২,০০০/- থেকে ২০,০০০/-টাকা	৫% (ক্রম হ্রাসমান হারে)	১ বছর	

০৩। যুব সংগঠন বিকল্প :

নিবন্ধনের আবেদন ফর্ম প্রাপ্তিস্থান	যুব সংগঠন নিবন্ধনের শর্তাবলি	নিবন্ধন ফি
যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় অথবা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট(www.dyd.gov.bd) ভিজিট করুন	<p>১) সদস্য সংখ্যা নূন্যতম ২০(বিশ) জন থাকতে হবে।</p> <p>২) সদস্যগণকে ১৮-৩৫ বছর বয়সী যুব হতে হবে।</p> <p>৩) সংগঠনকে যুব কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতা থাকতে হবে।</p> <p>৪) সংগঠনের নামের সাথে 'যুব' শব্দ সংযুক্ত থাকতে হবে।</p> <p>৫) বিধি দ্বারা নির্ধারিত একটি গঠনতন্ত্র এবং গঠনতন্ত্র অনুযায়ী একটি নির্বাহী পরিষদ থাকতে হবে।</p>	নির্ধারিত কোডে ৫০০/- টাকার ট্রেজারী চালান জমা দিতে হবে।

০৪। প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান :

প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানের মাধ্যমে আত্মনির্ভরশীল যুব সমাজ গঠন।

০৫। অন্যান্য কার্যক্রম :

ক) যুব সংগঠনকে অনুদান প্রদান :

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুব কল্যাণ তহবিল থেকে প্রতি বছর বাছাইকৃত যুব সংগঠনসমূহকে কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুদান প্রদান করা হয়।

খ) জাতীয় যুব দিবস উদযাপন ও জাতীয় যুব পুরস্কার প্রদান :

যুব শক্তিকে আত্মনির্ভর করা, উন্নয়ন ও শান্তি প্রতিষ্ঠায় যুবদেরকে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে প্রতি বছর ১লা নভেম্বর জাতীয় যুব দিবসে সফল আত্মকর্মী এবং সফল যুব সংগঠনকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়ে থাকে।